

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 16-01-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, জনগণের সার্বিক সুরক্ষা প্রদানে ত্রিপুরা পুলিশ দায়বদ্ধভাবে কাজ করে চলেছে।
- (২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে গত ন'বছরে, স্টার্ট আপ ইন্ডিয়া কর্মসূচী অগণিত যুবার ক্ষমতায়ন করেছে।
- (৩) সরকার আজ কেন্দ্রীয় সরকারি কর্মচারী এবং পেনশনভোগীদের জন্য অষ্টম বেতন কমিশন গঠনের কথা ঘোষণা করেছে।
- (৪) টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় এডি নগর কোচিং সেন্টার চ্যাম্পিয়ন হয়েছে।

\*\*\*\*\*

**CM Police Week :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, জনগণের সার্বিক সুরক্ষা প্রদানে ত্রিপুরা পুলিশ দায়বদ্ধভাবে কাজ করে চলছে। পুলিশের আন্তরিক প্রচেষ্টার ফলেই রাজ্য উল্লেখযোগ্যভাবে বিভিন্ন অপরাধের সংখ্যা হ্রাস পেয়েছে। আজ অরুণ্ধতীনগরস্থিত মনোরঞ্জন দেববর্মা স্মৃতি স্টেডিয়ামে ত্রিপুরা পুলিশ সপ্তাহ উদ্যাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন।

অনুষ্ঠানে টিএসআর, ত্রিপুরা পুলিশ এবং ট্রাফিক পুলিশের জওয়ানরা কুজকাওয়াজ প্রদর্শনের মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অভিবাদন জানান। তিনি বলেন, রাজ্য সরকার রাজ্যের আইনশৃঙ্খলা রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ। তাই ২০২৩ সালের তুলনায় ২০২৪ সালে সামগ্রিক অপরাধ ১৯.৩ শতাংশ হ্রাস পেয়েছে। ২৮টি রাজ্যের মধ্যে সর্বনিম্ন অপরাধের হারের নিরিখে ত্রিপুরা তৃতীয় স্থানে রয়েছে।

গত বছর ২৪শে সেপ্টেম্বর জম্পুইজলায় ৭ম ব্যাটেলিয়ান টিএসআর হেড কোয়ার্টারে ১১৭৩ জন এনএলএফটি এবং এটিটিএফ সদস্য অস্ত্র সমর্পণ করে স্বাভাবিক জীবনে ফিরে এসেছেন। এরফলে ত্রিপুরাকে একটি সন্ত্রাসবাদ মুক্ত রাজ্য বলা যেতে পারে। নেশামুক্ত ত্রিপুরা অভিযানে নেশা বিরোধী কার্যকলাপে ত্রিপুরা পুলিশ কঠোরভাবে দায়িত্ব পালন করছে। গত তিন বছরে এনডিপিএস মামলায় ১৬৬৬টি মামলা নথিভুক্ত হয়েছে এবং ৩০৭৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে। ২০২৪ সালে প্রায় ৮৬৭ কোটি টাকা মূল্যের নেশা সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে, যা ২০২৩ সালের তুলনায় ১০৬ শতাংশ বেশী।

মুখ্যমন্ত্রী বলেন রাজ্য দুর্ঘটনা প্রতিরোধে পুলিশ গত বছরের শুরুতে এক বিশেষ অভিযান শুরু করেছে। রাজ্যের বিভিন্ন সড়ক এবং মহাসড়ক গুলিতে ৮৪টি এলাকাকে দুর্ঘটনা প্রবণ এলাকা হিসেবে চিহ্নিত করা হয়েছে। এছাড়া ১৩টি স্থানকে ব্ল্যাক স্পট হিসেবে ও চিহ্নিত করা হয়েছে।

তিনি বলেন রাজ্য দুর্ঘটনা নিয়ন্ত্রণে পুলিশ বিভিন্ন সামাজিক সংস্থা কে সঙ্গে নিয়ে কাজ করছে।

মুখ্যমন্ত্রী বলেন, বেআইনীভাবে যেসব বাংলাদেশী, বোহিঙ্গা শরণার্থী ও অন্যান্য বিদেশী নাগরিক অনুপ্রবেশ করছে ত্রিপুরা পুলিশ তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিচ্ছে। সাইবার সংক্রান্ত অপরাধের বিরুদ্ধে গত এক বছরে ত্রিপুরা পুলিশ ব্যক্ত অ্যাকাউন্টে ২ কোটি ৮৬ লক্ষ টাকা বাজেয়াপ্ত করতে দ্রুত

পদক্ষেপ নিয়েছে, ফলে ক্ষতিগ্রস্তদের ১৭ লক্ষ ৬১ হাজার টাকা ফেরত দেওয়া সম্ভব হয়েছে। ২০২৪ সালে বিভিন্ন ক্ষেত্রে যারা পারদর্শিতা দেখিয়েছিলেন তাদের আজ পুলিশ সপ্তাহ উদযাপন অনুষ্ঠানে পুরস্কৃত করা হয়।

\*\*\*\*\*

#### **Police-SBI :**

পুলিশ সপ্তাহ উপলক্ষে আজ আগরতলায় ভারতীয় স্টেট ব্যাংকের সহযোগিতায় পুলিশের ফেমিলিরায়জেশান কর্মসূচীর আয়োজন করা হয়। এই কর্মসূচীতে রাজ্য পুলিশে কর্মরত সকল স্তরের পুলিশ কর্মীদের স্টেট ব্যাংকের মাধ্যমে আমানত করার উপর গুরুত্ব দেওয়া হয়। এর মাধ্যমে পুলিশ কর্মীদের বিভিন্ন প্রয়োজনে ও দুর্ঘটনায় অঙ্গহানী বা প্রাণহানীর ঘটনা ঘটলে তার পরিবার যেন আর্থিকভাবে সহায়তা পেতে পারে তার প্রয়োজনীয়তার কথা বলা হয়। অনুষ্ঠানে রাজ্য পুলিশ মহানির্দেশক অমিতাভ রঞ্জন এই সুযোগ গ্রহণের জন্য পুলিশ কর্মীদের প্রতি অনুরোধ জানান। আলোচনায় অংশ নেন স্টেট ব্যাংক অফ ইন্ডিয়ার আঞ্চলিক প্রবন্ধক দেবাশিষ দাস।

\*\*\*\*\*

#### **PM Start Up India :**

স্টার্ট আপ ইন্ডিয়া কর্মসূচির আজ ন'বছর পূর্ণ হল। এই উপলক্ষে প্রধানমন্ত্রী মোদী বলেছেন এই রূপান্তরমূলক কর্মসূচী অগণিত যুবার ক্ষমতায়ন করেছে, তাদের উদ্ভাবনী ধারণাগুলিকে সফল স্টার্টআপে পরিণত করেছে তিনি জোর দিয়ে বলেন যে Start Up India-র এই সাফল্য প্রতিফলিত করে যে আজকের ভারত গতিশীল, আত্মবিশ্বাসী এবং ভবিষ্যতের জন্য প্রস্তুত। তিনি স্টার্টআপ জগতের প্রত্যেক তরুণকে অভিনন্দন জানান এবং অন্যান্য তরুণদের এটি অনুসরণ করার আহ্বান জানান। সামাজিক

মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, এই যুগান্তকারী উদ্যোগ, উন্নয়ন, উদ্যোগস্থ এবং বৃদ্ধিকে নতুনভাবে সংজ্ঞায়িত করেছে।

\*\*\*\*\*

#### **8th Pay Commission :**

সরকার আজ কেন্দ্রীয় সরকারি কর্মচারী এবং পেনশনভোগীদের জন্য অষ্টম বেতন কমিশন গঠনের কথা ঘোষণা করেছে। নতুনদিল্লিতে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো এই বিষয়ে বলেন যে সপ্তম বেতন কমিশনের মেয়াদ ২০২৬ সালে শেষ হতে চলেছে এবং এখন অষ্টম বেতন কমিশন গঠন করা হলে প্যানেলের সুপারিশগুলি পাওয়ার জন্য যথেষ্ট সময় দেওয়া হবে। তিনি বলেন, শীঘ্ৰই কমিশনের চেয়ারম্যান ও দু'জন সদস্য নিয়োগ করা হবে।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **Mahakumbh :**

১০টি দেশের ২১ জন সদস্যের প্রতিনিধি দল আজ ত্রিবেণী সঙ্গমে পৰিত্ব স্নান করেছেন। তারা হেলিকপ্টারে করে মহাকুণ্ড এলাকার দৃশ্য উপভোগ করেন। পৰৱৰ্ত্তী মন্ত্রকের আমন্ত্রিত প্রতিনিধি দলটি গতকাল সেখানে পৌঁছেন। আড়াইলের টেন্ট সিটিতে প্রতিনিধি দলের থাকার ব্যবস্থা করা হয়েছে। প্রতিনিধি দলটি মহাকুণ্ড মেলা এলাকাও পরিদৰ্শন করেছেন। আন্তর্জাতিক প্রতিনিধি দলে ফিঝি, ফিনল্যান্ড, গায়ানা, মালয়েশিয়া, মরিশাস, সিঙ্গাপুর, দক্ষিণ আফ্রিকা, শ্রীলঙ্কা, ত্রিনিদাদ ও টোবাগো এবং সংযুক্ত আরব আমিরশাহীর প্রতিনিধিরা রয়েছেন।

এদিকে, আজ প্রয়াগরাজে মহাকুণ্ড মেলায় গঙ্গা মন্ডপে 'সংস্কৃতি কা মহাকুণ্ড' নামে বিশাল সাংস্কৃতিক কর্মসূচি শুরু হয়েছে। আগামী মাসে ২৪ তারিখ পর্যন্ত এই অনুষ্ঠান চলবে।

\*\*\*\*\*

#### **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৯শে জানুয়ারী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত' - এর ১১৮তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিত্তি চিন্তাভাবনা 'মন-কি-বাত' -এ জানানোর আহ্বান জানিয়েছেন। my govt open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

\*\*\*\*\*

#### **ISRO :**

ভাৱতীয় মহাকাশ গবেষণা সংস্থা, ইসৱো জানিয়েছে, স্পেডেক্স, স্পেসক্রাফ্ট ডকিং সফলভাবে সম্পন্ন হয়েছে। এটি ভাৱতেৰ জন্য

এক ঐতিহাসিক মুহূর্ত। কারণ, একেব্রে চতুর্থ দেশ হিসেবে  
সফলভাবে স্পেস ডকিং-এ সাফল্য পেল ভারত।

এই সাফল্যের জন্য রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম, প্রধানমন্ত্রী নরেন্দ্র  
মোদী ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থাকে অভিনন্দন  
জানিয়েছেন। ইসরোর সাফল্য অভিনন্দন জানিয়েছেন কেন্দ্রীয়  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী জিতেন্দ্র সিংও।

\*\*\*\*\*

#### **CM-Dental Conference :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ডেনার মন্ত্রক  
আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজের পরিকাঠামো  
সম্প্রসারণের জন্য ২০২ কোটি টাকা বরাদ্দ করেছে। বর্তমানে  
এই কলেজের আসন সংখ্যা ৫০ থেকে বেড়ে ৬৩ হয়েছে।  
আইজিএম হাসপাতালে নতুন করে আরও একটি বিল্ডিং নির্মান  
করা হবে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে ইন্ডিয়ান ডেন্টাল  
অ্যাসোসিয়েশন ত্রিপুরা শাখার সহযোগিতায় ন্যশনাল ওরাল হেলথ  
প্রোগ্রাম, ন্যশনাল হেলথ মিশন ত্রিপুরা শাখা আয়োজিত ২৩তম  
বার্ষিক দন্ত চিকিৎসকদের সম্মেলনের উদ্বোধন করে একথা  
বলেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রত্যন্ত জনপদে উন্নতমানের চিকিৎসা  
পরিষেবা পৌঁছে দিতে সরকার বদ্ধপরিকর। তিনি বলেন, অনেক  
ক্ষেত্রে অবহেলা ও সচেতনতার অভাবে দন্তজনিত সমস্যা  
মারাত্মক আকার ধারণ করে। এজন্য মুখ ও মুখগহ্নের পরিচর্যা  
সম্পর্কে জনসচেতনা বাড়াতে গুরুত্ব দিতে হবে।

অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরে সচিব কিরণ গিত্তে  
জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা রাজ্য শাখার মিশন ডিরেক্টর ড.  
সমিত রায় চৌধুরী, স্বাস্থ্য অধিকর্তা প্রফেসর (ডা) সঞ্জীব কুমার  
দেববর্মা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Blood Donation :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ আগরতলায় রামঠাকুর মহাবিদ্যালয়ে আয়োজিত এক রক্তদান শিবির উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন বিধায়ক মীনা রানী সরকার, আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত। শিবিরে ৪৫ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*

### **Delegation of AYUSH :**

কেন্দ্রীয় সরকারের আয়ুষ মন্ত্রকের চার সদস্যের এক প্রতিনিধিদল আজ উনকোটি জেলা সদর কৈলাশহর সফর করেন। প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন, কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রকের যুগ্ম উপদেষ্টা ডাঃ দেবাশিস পাণ্ডা। তাছাড়া প্রতিনিধিদলে ছিলেন, ডাঃ নিশান্ত সোনি, ডাঃ দুসুলাজি ও ডাঃ বিমল তেওয়ারি প্রমুখ। প্রতিনিধিদলটি আজ কৈলাশহরের সুসংহত আয়ুশ হাসপাতালটি পরিদর্শন করেন। তাঁরা কথা বলেন কর্মরত চিকিৎসক, স্বাস্থ্যকর্মী ও রোগীদের সঙ্গে। হাসপাতালের মেডিকেল সুপারের অফিসকক্ষে এক বৈঠক করেন প্রতিনিধি দলটি। আগত প্রতিনিধিদলের প্রধান ডঃ পাণ্ডা "আকাশবাণী"কে জানান, আয়ুষ মন্ত্রক থেকে বরাদ্দকৃত অর্থের রূপায়ন, স্বাস্থ্য কাঠামোগত দিক সরেজমিনে পর্যবেক্ষণ করতেই তাঁদের এই সফর।

\*\*\*\*\*

### **NIT Press Meet :**

এনআইটি আগরতলার সন্তুষ্টি সমাবর্তন আগামী ১৮ই জানুয়ারী এনআইটি ক্যাম্পাসের স্বামী বিবেকানন্দ সেমিনার হলে অনুষ্ঠিত হবে। আই.আই.ই.এস.টি শিবপুরের প্রাক্তন অধিকর্তা পদ্মশ্রী অধ্যাপক অজয় কুমার রায় এই সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন এনআইটি আগরতলার পরিচালনা পর্ষদের চেয়ারম্যান বিনোদ

বাওরি। আজ আগরতলা প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানান এন আই টি আগরতলার অধিকর্তা অধ্যাপক ডঃ এস কে পাত্র। তিনি জানান, এন.আই.টি. আগরতলায় বিটেক স্নাতকদের মধ্যে ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনে সুরুপ চক্রবর্তী ইনসিটিউট টপার হয়েছেন। তাছাড়া এমটেক-এ সিভিল ইঞ্জিনিয়ারিং-এ প্রীতম চক্রবর্তী, এবং এমএসসি গণিতে সম্প্রীতি দে ইনসিটিউট টপার হয়েছেন।

\*\*\*\*\*

#### **C.B.C-Kailashahar :**

সেন্ট্রাল বুরো অফ কমিউনিকেশন বা C.B.C, কৈলাশহর শাখার উদ্যোগে আজ ইরাণী বাজারে কেন্দ্রীয় সরকারের জনকল্যাণমুখী কর্মধারার বিষয়ে এক বিশেষ কার্যক্রম অনুষ্ঠিত হয়। এখানে স্বচ্ছতা হি সেবা, এক পেড় মা কি নাম, নেশামুক্ত ভারত অভিযান, মিশন লাইফ ইত্যাদি বিষয়ে আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, গৌরনগর ব্লকের অতিরিক্ত B.D.O তাজিম চাকমা, ক্ষেত্র প্রচার আধিকারিক এইচ,কে,চেঙ। অনুষ্ঠানের সভানেত্রী ছিলেন, ইরাণী পঞ্চায়েতের প্রধান দিলারা বেগম। এ উপলক্ষে ইরাণী বাজারে স্বচ্ছ ভারত অভিযানের অন্তর্গত সাফাই অভিযান ও এক পেড় মা কি নাম কর্মসূচির অধীনে বৃক্ষরোপণ করা হয়। অনুষ্ঠিত হয় উন্মুক্ত কুঠাইজ।

\*\*\*\*\*

#### **Paddy Purchase :**

৩০০ মেট্রিক টন ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা নিয়ে আজ থেকে সোনামুড়ার নলচূড়ে বৈরাগীবাজার নাট মন্দিরে সহায়ক মূল্যে ধান কেনা শুরু হয়েছে। ৪ দিন ব্যাপী এই কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নলচূড় ব্লক পঞ্চায়েত সমিতির ভাইস-চেয়ারপার্সন, রীনা দেবনাথ, কৃষি মহকুমার তত্ত্বাবধায়ক মনীশ দাস। আজ ৮২ মেট্রিক টন ধান কেনা হয়েছে।

\*\*\*\*\*

### **Rajib Bhattacharjee :**

সাংসদ রাজিব ভট্টাচার্য আজ আগরতলায় ক্ষুদ্রিম বসু ইংলিশ মিডিয়াম স্কুলে বীর সেনানি ক্ষুদ্রিম বসুর মর্মর মুর্তির আবরণ উন্মোচন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পুর নিগমের কর্পোরেটর ডঃ অলোক ভট্টাচার্য।

\*\*\*\*\*

### **Youth Congress :**

যুব কংগ্রেসের উত্তর-পূর্ব কনভেনশন আজ আগরতলার টাউন হলে অনুষ্ঠিত হয়। “সপ্তরং” শীর্ষক এই কনভেনশনের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সর্বভারতীয় যুব কংগ্রেস সভাপতি উদয় ভানু চিব, যুব কংগ্রেসের উত্তর পূর্বাঞ্চলের ইনচার্জ কৃষ্ণ আল্লাভারু সহ উত্তর পূর্বাঞ্চলের ৭টি রাজ্যের যুব কংগ্রেস নেতৃত্ব। এই কনভেনশনে দলের উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন সাংগঠনিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন, বীরজিৎ সিনহা প্রমুখ।

\*\*\*\*\*

### **Sadar 13 Cricket :**

টিসি পরিচালিত সদরের অনুর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় এডি নগর কোচিং সেন্টার চ্যাম্পিয়ন হয়েছে। আজ আসরের ফাইনাল খেলায় এডি নগর কোচিং সেন্টার ১২ রানে চাম্পামুড়া কোচিং সেন্টারকে পরাজিত করে। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে অনুষ্ঠিত খেলায় প্রথমে ব্যাট করতে নেমে এডি নগর কোচিং সেন্টার ৩৯ ওভার ২ বল-এ সবকটি উইকেট হারিয়ে ১১৭ রান করে। জবাবে চাম্পামুড়া কোচিং সেন্টার ৩৮ ওভার ২ বল-এ ১০৫ রানে সবাই আউট হয়ে যায়।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল সকালে রাজ্যের কিছু স্থানে ঘন কুয়াশা পড়বে।

\* \* \* \* \*